# ট্রাইসল বোলাস

**গবাদি প্রাণির কলিজাকৃমি ও গোলকৃমি নাশক**

**প্রাণি চিকিৎসায় ব্যবহার্য**

**উপস্থাপনা ঃ**

প্রতিটি ট্রাইসল বোলাস-এ রয়েছে ট্রাইক্লাবেন্ডাজল আই এন এন ৯০০ মি.গ্রা. এবং লেভামিসল বিপি বেস ৬০০ মি.গ্রা.।

**নির্দেশনা ঃ**

ইহা কলিজাকৃমি ও গোলকৃমি নাশক হিসাবে অত্যন্ত কার্যকারী। ফেসিওলা হিপাটিকা ও ফেসিওলা জাইগেনটিকা দ্বারা সৃষ্ট সব ধরণের কলিজাকৃমি জনিত রোগ এবং পাকস্থলী ও অন্ত্রনালীর প্রধান প্রধান গোলকৃমি যেমন হেমন্‌কাস, অষ্টারটেজিয়া, কুপারিয়া, ট্রাইকোষ্ট্রানজাইলাস, বুনোষ্টোসাস, ইসোফেগাষ্টোসাস, বুনোষ্টোনাম, ইসোফেষ্টোসাস, ট্রাইচুরিস, ডিকটাইওকলাস প্রভৃতি প্রজাতির চিকিৎসায় ইহার কার্যকারিতা অপরিসীম।

**প্রয়োগবিধি ও মাত্রা ঃ**

প্রতি ৭৫ কেজি দৈহিক ওজনের জন্য ১টি বোলাস প্রয়োগ করতে হবে অথবা নিম্নের নির্দেশনামা অনুযায়ী প্রয়োগ করতে হবে।

| দৈহিক ওজন | বোলাস সংখ্যা |
|---|---|
| ১০-২০ কেজি | ১/৪ টি বোলাস |
| ২১-৪০ কেজি | ১/২ টি বোলাস |
| ৪১-৭৫ কেজি | ১ টি বোলাস |
| ৭৬-১৫০ কেজি | ২ টি বোলাস |
| ১৫১-২২৫ কেজি | ৩ টি বোলাস |
| ২২৬-৩০০ কেজি | ৪ টি বোলাস |
| ৩০১-৩৭৫ কেজি | ৫ টি বোলাস |

ট্রাইসল বোলাস পানিতে গুলিয়ে কিংবা কোন খাবারের সাথে সরাসরি মুখে খাওয়াতে হবে। ইহা প্রাণির দেহে অত্যন্ত সহনীয়। ট্রাইক্লাবেন্ডাজল নির্ধারিত মাত্রার প্রায় ১৬ গুণ এবং লেভামিসল নির্ধারিত মাত্রার প্রায় ৩ গুণ পর্যন্ত নিরাপদ মাত্রা রয়েছে।

**বিপরীত নির্দেশনা ঃ**

ট্রাইসল এর কোন পার্শ্ব-প্রতিক্রিয়া নেই। অন্য যে কোন রোগের চিকিৎসা চলাকালীন সময়েও ইহা ব্যবহার করা যায়। ইহা দ্বারা চিকিৎসা শেষ হবার ২৮ দিন পর্যন্ত উক্ত প্রাণির মাংস এবং ১০ দিন পর্যন্ত দুগ্ধদানকারী গাভীর দুধ পান না করা শ্রেয়। খাওয়ানোর পর প্রাণিকে পর্যাপ্ত পরিমাণ পানি পান করাতে হবে।

**সংরক্ষণ ঃ**

আলো থেকে দূরে, শুষ্ক ও ঠান্ডা স্থানে রাখুন।

শিশুদের নাগালের বাহিরে রাখুন।

**সরবরাহ ঃ**

৫ X ৪ টি বোলাস একটি বাক্সে।

**প্রস্তুতকারক:**

Globe
**গ্লোব ফার্মাসিউটিক্যালস্‌ লিঃ**
প্রাণি স্বাস্থ্য বিভাগ
নোয়াখালী, বাংলাদেশ